জগন্নাথ বিশ্ববিদ্যালয়

# নিয়োগ বিজ্ঞপ্তি

জবি/প্রশা/সংস্থাপন কর্মচারী/নিয়োগ বিজ্ঞপ্তি/২০২৫/২৩৮ তারিখ: ২২/০১/২০২৬

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ/দপ্তরে নিম্নবর্ণিত শূন্য পদ পূরণের লক্ষ্যে যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে Online-এ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (www.hrm.erp.jnu.ac.bd/employee_online_application) আবেদন আহবান করা হলো। আবেদন করার যোগ্যতা, অভিজ্ঞতা এবং বিস্তারিত নিয়মাবলি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.jnu.ac.bd-এ পাওয়া যাবে।

| ক্রম | পদ | বেতন গ্রেড ও স্কেল | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|---|
| ১. | ফিজিওথেরাপিস্ট এটেনডেন্ট (মহিলা) মেডিকেল সেন্টার | গ্রেড-১৯<br>স্কেল: ৮৫০০-২০৫৭০/- | ১টি | ক) প্রার্থীকে বিজ্ঞান বিভাগে এসএসসি পাস এবং স্বীকৃত/অনুমোদিত হাসপাতালে/প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন হতে হবে।<br>খ) শিক্ষা জীবনের কোন স্তরেই ৩য় বিভাগ/শ্রেণী/জিপিএ গ্রহণযোগ্য নয়।<br>গ) বয়স সর্বোচ্চ ৩২ বছর। |
| ২. | অফিস সহায়ক (উপাচার্য ও ট্রেজারার মহোদয়ের অফিস-কাম-বাসভবন) | গ্রেড-২০<br>স্কেল: ৮২৫০-২০০১০/- | ০২ টি | ক) স্বীকৃত কোন বোর্ড/প্রতিষ্ঠান হতে দ্বিতীয় বিভাগ/সমমানের জিপিএসহ ন্যূনতম এসএসসি পাশ হতে হবে।<br>খ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ০১(এক) বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।<br>গ) বয়স সর্বোচ্চ ৩২ বছর। |
| | | মোট : | ০৩ টি | |

**সরাসরি নিয়োগের ক্ষেত্রে সাধারণ শর্তাবলী:**

২.১ বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.jnu.ac.bd হতে আগামী ১৯/০২/২০২৬ তারিখের মধ্যে নির্ধারিত আবেদন ফরম সংগ্রহ করা যাবে এবং একই তারিখের মধ্যে (সাপ্তাহিক ও সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময় পর্যন্ত) আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে রঙিন ছবি যুক্ত করে Online এ দাখিলকৃত আবেদন ফরম-এর প্রিন্ট কপিসহ ০৫ (পাঁচ) সেট পূর্ণাঙ্গ আবেদনপত্র (ডাকযোগে/কুরিয়ার-এর মাধ্যমে/সরাসরি) পৌঁছাতে হবে। নির্ধারিত সময়ের পর প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

২.২ নিয়োগের ক্ষেত্রে বিশ্ববিদ্যালয়ের বিধিবিধান প্রতিপালিত হবে।

২.৩ শিক্ষাগত যোগ্যতার সনদ, প্রশিক্ষণ ও অভিজ্ঞতা সংক্রান্ত সনদপত্র, জাতীয় পরিচয়পত্র-এর সত্যায়িত প্রতিলিপি এবং সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩(তিন) কপি সত্যায়িত ছবি সম্বলিত পাঁচ সেট আবেদনপত্র দাখিল করতে হবে।

২.৪ শিক্ষা জীবনের কোন স্তরেই ৩য় বিভাগ/শ্রেণী/জিপিএ গ্রহণযোগ্য নয়। সকল পদের জন্য বয়স সর্বোচ্চ ৩২ বছর।

২.৫ প্রার্থীকে উল্লিখিত পদের জন্য ৩০০.০০ টাকা ওয়েবসাইটে বর্ণিত নিয়মে SuerCash/Rocket এর মাধ্যমে Payment করতে হবে।

২.৬ চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদনপত্র প্রেরণ করতে হবে।

২.৭ কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোন আবেদনপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবেন না। আবেদনপত্রের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।

২.৮ অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে অনর্জনযোগ্য (unattainable) বয়স/শিক্ষাগত যোগ্যতার শর্ত শিথিলযোগ্য।

২.৯ বিশ্ববিদ্যালয়ে কর্মরত প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে।

২.১০ লিখিত পরীক্ষা/সাক্ষাৎকার-এ অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

২.১১ পদ সংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে,

22/01/2026

(অধ্যাপক ড. মোঃ শেখ গিয়াস উদ্দিন)
রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত)